গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা

গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।

www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৮৮.০০১.২১.৪১২

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯

২৭ জুলাই ২০২২

বিষয়: **খুলনা জেলার খুলনা সদর উপজেলাধীন খান এ, সবুর মহিলা ফাযিল মডেল মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসার নাম সংশোধনের আবেদন যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রসঙ্গে।**

সূত্র: (১) বর্ণিত মাদ্রাসার স্মারক নং-৩৫/২২; তা: ২৯/০৫/২২ ডকেট: ৬৭৬৪ তা: ৩১/০৫/২২

(২) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/খ-৫৭/২০১৮/২৬৩৪; তা: ২৪/০৪/২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার খুলনা সদর উপজেলাধীন খান এ, সবুর মহিলা ফাযিল মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসার নাম সংশোধনের জন্য অধ্যক্ষ কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে আবেদন দাখিল করা হয়েছে। আবেদন পত্র অনুযায়ী অধ্যক্ষ কর্তৃক চাহিত বর্ণিত মাদ্রাসার মাদ্রাসার নাম নিম্নরূপঃ

| মাদ্রাসার নাম ও ঠিকানা | এমপিওশীটে বিদ্যমান মাদ্রাসার নাম | অধ্যক্ষ কর্তৃক চাহিত মাদ্রাসার নাম |
|---|---|---|
| খান এ, সবুর মহিলা ফাযিল মডেল মাদ্রাসা, উপজেলা: খুলনা সদর, জেলা: খুলনা। | খান এ, সবুর মহিলা ফাযিল মডেল মাদ্রাসা | খুলনা মহিলা আলিয়া ফাযিল মডেল মাদ্রাসা |

আবেদনটি যাচাই পূর্বক সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), জনাব মোঃ আফাজ উদ্দীন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা), জনাব কানিজ ফাতেমা লুনা, ব্যক্তিগত সহকারী, পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে দায়িত্ব প্রদান করা হলো। তদন্ত কার্যক্রমে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ/ডকুমেন্ট/বিষয়াদি যাচাই করবেন:

(০১) প্রতিকার প্রার্থীর নিজস্ব স্বাক্ষরযুক্ত আবেদন যথাযথ আছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০২) প্রতিষ্ঠান প্রধান/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশসহ অগ্রায়ণ করা হয়েছে কি-না যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৩) SSC/দাখিল/জন্ম তারিখ সম্বলিত মূল সনদসহ শিক্ষা জীবনের সকল সনদের নম্বর উল্লেখসহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৪) NID যথাযথ যাচাই করতে হবে এবং প্রতিবেদনে NID নম্বর ও ইস্যুর তারিখ উল্লেখ করতে হবে।

(০৫) প্রথম MPO শীটসহ জন্ম তারিখ সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট MPO শীটসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৬) প্রথম বেতন-বিলসহ নাম সম্বলিত প্রথম ও সংশ্লিষ্ট বেতন বিলসমূহ যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৭) চাকুরি জীবনে সকল প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তির আবেদন/সংশ্লিষ্ট সকল নিয়োগ পরীক্ষার ফলাফল শীট এবং অন্যান্য কাগজপত্রে নামের বিষয়টি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(০৮) প্রথম চাকুরী কালীন সময়ে জনবল কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট পদ/বিষয়/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা এবং বর্তমানে দাবীকৃত পদ/বিষয়/কোডে/বেতন কোডে/বেতন স্কেলের প্রাপ্যতা যথাযথভাবে যাচাইপূর্বক মন্তব্য প্রাতবেদনে উল্লেখ করতে হবে।

(০৯) প্রথম চাকুরিতে যোগদানের পর এমপিও পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর নাম সম্বলিত দাখিলকৃত আবেদনের মূল কপি যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১০) প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক শাখার যথাযথ প্রত্যয়ন/প্রতিবেদন/ননড্রয়াল যাচাইপূর্বক মন্তব্য প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১১) নামের পরিবর্তন/সংশোধনের ক্ষেত্রে বর্তমান এবং দাবীকৃত নাম বাংলা এবং ইংরেজিতে যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

**(১২) মাদ্রাসার নামের/উপজেলা/থানার নামের পরিবর্তন/সংশোধনের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়ন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রত্যয়ন, মাদ্রাসার প্রথম অনুমোদন, প্রথম স্বীকৃতি, হালনাগাদ স্বীকৃতি, হালনাগাদ কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মাদ্রাসার নাম/উপজেলার নাম পরিবর্তনের আদেশ কপি,মাদ্রাসা প্রথম এমপিও কপিসহ সংশ্লিষ্ট এমপিও কপি যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।**

(১৩) সমস্যার কারণ কি এবং কবে থেকে উক্ত সমস্যা সৃষ্টি হয়েছে তা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে।

(১৪) প্রয়োজনে প্রতিকার প্রার্থীর/সংশ্লিষ্টদের বক্তব্য গ্রহণ এবং প্রয়োজনীয় ডকুমেন্টস/তথ্যাদি গ্রহণ/যাচাইপূর্বক মতামত দিবেন।

(১৫) আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে বকেয়া দাবি করবেন না মর্মে প্রতিকার প্রার্থীর অঙ্গীকারনামা যাচাইপূর্বক প্রতিবেদনে উল্লেখ করতে হবে এবং যে সকল ডকুমেন্টস এর ভিত্তিতে আবেদন মঞ্জুরের সুপারিশ করা হবে সে সকল ডকুমেন্টসে তদন্তকারী কর্মকর্তার নামযুক্ত সীল স্বাক্ষরসহ থাকতে হবে।

(১৬) বর্ণিত মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসার নাম সংশোধন/পরিবর্তনের আবেদন মঞ্জুরের সুপারিশ করা হলে যৌক্তিকতা, কারণ ও ব্যাখ্যাসহ প্রতিবেদনে উল্লেখ করতে হবে। আবেদন নামঞ্জুর হলেও কারণ উল্লেখ করতে হবে। তদন্তকারী কর্মকর্তাগণ এতদসংক্রান্ত যাবতীয় আইন, বিধি, নীতিমালা, পরিপত্র এবং নির্দেশনাবলী যাচাই-বাছাইপূর্বক মতামত প্রদান করবেন।

০২. উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করে বর্ণিত মাদ্রাসার এমপিওশীটে মাদ্রাসার নাম সংশোধন/পরিবর্তনের জন্য দাখিলকৃত আবেদন আগামী ০৭ (সাত) দিনের মধ্যে যাচাইপূর্বক প্রমাণকসহ সুনির্দিষ্ট মতামত/সুপারিশ প্রদানপূর্বক (মুল কপি ফেরত সহ) প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (১২) ফর্দ।

২৭-৭-২০২২
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক
ফোন: ০২-৪১০৩০১৬৭
ইমেইল: afazsazid@gmail.com

বিতরণ :

১) জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপ-পরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২) জনাব মোঃ আফাজ উদ্দীন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৩) জনাব কানিজ ফাতেমা লুনা, ব্যক্তিগত সহকারী, পরিচালক (প্রশি: ও উন্ন:), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৮৮.০০১.২১.৪১২/১

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৯
২৭ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

২) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৩) জেলা শিক্ষা অফিসার, খুলনা।

৪) সভাপতি/অধ্যক্ষ, খান এ, সবুর মহিলা ফাযিল মডেল মাদ্রাস, খুলনা সদর, খুলনা।

৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২৭-৭-২০২২
মোঃ আফাজ উদ্দিন
সহকারী পরিচালক